# প্রেস বিজ্ঞপ্তি

# জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

# বিভিন্ন অপরাধে ৫০টি প্রতিষ্ঠানকে ৩.১৭ লক্ষ টাকা জরিমানা

**২৯ আগস্ট ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, ভোলা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, ঠাকুরগাঁও, ফেনী, কুড়িগ্রাম, সাতক্ষীরা, নওগাঁ, গোপালগঞ্জ, পাবনা, ময়মনসিংহ ও টাঙ্গাইলে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর শেরেবাংলা নগর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কাশবন নার্সারী, কৃষিবিদ উপকরণ নার্সারী এবং হরটার্স এইচ নার্সারীকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা করে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে স্পেশাল কেয়ার ফার্মেসী ও পাঠান ফার্মেসীকে যথাক্রমে **১২,০০০/- (বার হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৩২,০০০/- (বত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর রামপুরা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মেসার্স বাবুল স্টোর, মেসার্স পারভীন ট্রেডার্স, জাহানারা স্ন্যাকস এন্ড কনফেকশনারী, সিনথিয়া ফাস্ট ফুড এবং দারুছুন্নাত কনফেকশনারীকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **৩,০০০/- (তিন হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৩৮,০০০/- (আটত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার বোরহানউদ্দিন উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার)** টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুরের হাজীগঞ্জ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত)** টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার নাছিরনগর উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **৩৩,০০০/- (তেত্রিশ হাজার)** টাকা, ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে ঠাকুরগাঁও এর হরিপুর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৫১,০০০/- (একান্ন হাজার)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে ফেনী সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর মান্দা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের টুঙ্গীপাড়া এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌল্যার নেতৃত্বে পাবনার চাটমোহর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা এবং টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইলের ভুয়াপুর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকাসহ মোট **২,১২,০০০/- (দুই লক্ষ বার হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে স্বপ্নকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৫টি** বাজার তদারকি ও **১টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৫০টি** প্রতিষ্ঠানকে মোট **৩,১৭,০০০/- (তিন লক্ষ সতের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ১ জন অভিযোগকারীকে মং **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও বরিশাল মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, ভোলা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, ঠাকুরগাঁও, ফেনী, কুড়িগ্রাম, সাতক্ষীরা, নওগাঁ, গোপালগঞ্জ, পাবনা, ময়মনসিংহ ও টাঙ্গাইল।
৭। পুলিশ সুপার, ঢাকা, ভোলা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, ঠাকুরগাঁও, ফেনী, কুড়িগ্রাম, সাতক্ষীরা, নওগাঁ, গোপালগঞ্জ, পাবনা, ময়মনসিংহ ও টাঙ্গাইল।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।